রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রশাসন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ/৩১ আগস্ট, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর,ও নং ২৭৯-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম**।—এই বিধিমালা "বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;



**মূল্য ঃ** টাকা ২৪.০০

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোন পদে "শিক্ষানবিশ" হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতপ্রাপ্ত বোর্ড" বা "স্বীকৃতপ্রাপ্ত ইনস্টিটিউট" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন "বিশ্ববিদ্যালয়" বা "বোর্ড" বা "ইনস্টিটিউট" বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বা স্বীকৃতপ্রাপ্ত অন্য কোন "বিশ্ববিদ্যালয়" বা "বোর্ড" বা "ইনস্টিটিউট" ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) বদলীর মাধ্যমে; এবং

(ঘ) আউটসোর্সিং এর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণি হইতে ২য় শ্রেণি এবং ২য় শ্রেণি হইতে ১ম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশী**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশী স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশীর মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহা সহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরী অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) The Gazetted officers (Geological Survey of Bangladesh) Recruitment Rules, 1984 এবং The Non-Gazetted Employees (Geological Survey of Bangladesh) Recruitment Rules, 1984 এতদ্বারা রহিত করা হইল।

(২) উপবিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules সমূহের আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করিতে হইবে।

## তফসিল
## [বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে। | ক) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) পদে অন্যূন ৩ (তিন) বছরের চাকুরীসহ মোট ২০ (বিশ) বছরের ১ম শ্রেণির চাকুরী। (খ) ভূতাত্ত্বিক অনুসন্ধানমূলক ও গবেষণাধর্মী প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও পরিচালনায় দক্ষতাসহ সরকারকে খনিজ ও তৎসংশ্লিষ্ট বিষয়ে নীতি প্রণয়নে এবং ভূবিজ্ঞান বিষয়ক জাতীয় সমস্যা সমাধানে সুনির্দিষ্ট মতামত ও পরামর্শ প্রদানে দক্ষতা; এবং গ) আন্তর্জাতিক মানসম্পন্ন কমপক্ষে ৩(তিন)টি ভূতাত্ত্বিক গবেষণামূলক প্রকাশনা থাকিতে হইবে। |
| (২) | উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) | - | পদোন্নতির মাধ্যমে। | ক) পরিচালক (ভূতত্ত্ব) পদে অন্যূন ৩ (তিন) বছরের চাকুরীসহ মোট ১৫ (পনের) বছরের ১ম শ্রেণির চাকুরী; এবং (খ) আন্তর্জাতিক মানসম্পন্ন কমপক্ষে ৩(তিন)টি ভূতাত্ত্বিক গবেষণামূলক প্রকাশনা থাকিতে হইবে। |
| (৩) | পরিচালক (ভূতত্ত্ব) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-পরিচালক (ভূতত্ত্ব) পদে অন্যূন ৫(পাঁচ) বছরের চাকুরীসহ ১২ (বার) বছরের ১ম শ্রেণির চাকুরী। কমপক্ষে ২(দুই)টি ভূতাত্ত্বিক বহিরংগন/গবেষণামূলক প্রতিবেদনসহ ২(দুই) টি ভূতাত্ত্বিক গবেষণামূলক প্রকাশনা থাকিতে হইবে। |
| (৪) | পরিচালক (ভূপদার্থ) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-পরিচালক (ভূপদার্থ) পদে অন্যূন ৫(পাঁচ) বছরের চাকুরীসহ ১২ (বার) বছরের ১ম শ্রেণির চাকুরী। কমপক্ষে ২(দুই)টি ভূপদার্থিক বহিরংগন/ গবেষণামূলক প্রতিবেদনসহ ২(দুই) টি ভূপদার্থিক গবেষণামূলক প্রকাশনা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫) | পরিচালক (রসায়ন) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-পরিচালক (রসায়ন) পদে অন্যূন ৫(পাঁচ) বছরের চাকুরীসহ ১২ (বার) বছরের ১ম শ্রেণির চাকুরী। রসায়ন/সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ২(দুই)টি গবেষণামূলক প্রতিবেদনসহ রসায়ন/সংশ্লিষ্ট বিষয়ে ২(দুই)টি গবেষণামূলক প্রকাশনা থাকিতে হইবে। |
| (৬) | পরিচালক (ড্রিলিং প্রকৌশল) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-পরিচালক (ড্রিলিং প্রকৌশল) পদে অন্যূন ৫(পাঁচ) বছরের চাকুরীসহ ১২ (বার) বছরের ১ম শ্রেণির চাকুরী। ড্রিলিং/ সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ২(দুই)টি বহিরংগন/ গবেষণামূলক প্রতিবেদন থাকিতে হইবে। |
| (৭) | উপ-পরিচালক (ভূতত্ত্ব) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) পদে অন্যূন ৭(সাত) বছরের চাকুরী। কমপক্ষে ২(দুই)টি ভূতাত্ত্বিক বহিরংগন/গবেষণামূলক প্রতিবেদনসহ ১(এক)টি ভূতাত্ত্বিক গবেষণামূলক প্রকাশনা থাকিতে হইবে। |
| (৮) | উপ-পরিচালক (ভূপদার্থ) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক (ভূপদার্থ) পদে অন্যূন ৭(সাত) বছরের চাকুরী। কমপক্ষে ২(দুই)টি ভূপদার্থিক বহিরংগন/গবেষণামূলক প্রতিবেদনসহ ১(এক)টি ভূপদার্থিক গবেষণামূলক প্রকাশনা থাকিতে হইবে। |
| (৯) | উপ-পরিচালক (রসায়ন) | | পদোন্নতির মাধ্যমে | সহকারী পরিচালক (রসায়ন) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী। রসায়ন/ সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ২(দুই)টি গবেষণামূলক প্রতিবেদনসহ রসায়ন/সংশ্লিষ্ট বিষয়ে ১(এক)টি গবেষণামূলক প্রকাশনা থাকিতে হইবে। |
| (১০) | উপ-পরিচালক (ড্রিলিং প্রকৌশল) | | পদোন্নতির মাধ্যমে | সহকারী পরিচালক (ড্রিলিং প্রকৌশল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী। ড্রিলিং/সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে একটি বহিরংগন/গবেষণামূলক প্রতিবেদন থাকিতে হইবে অথবা স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে যান্ত্রিক প্রকৌশল/খনি প্রকৌশল/ পেট্রোলিয়াম প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রীসহ উপ সহকারী পরিচালক (ড্রিলিং প্রকৌশল) পদে অন্যূন ৪(চার) বছর এবং সহকারী পরিচালক (ড্রিলিং প্রকৌশল) পদে অন্যূন ৩ (তিন) বছরের চাকুরী। তবে, সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে একটি বহিরংগন/ গবেষণামূলক প্রতিবেদন থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১১) | উর্ধ্বতন ভূপদার্থিক প্রকৌশলী | | পদোন্নতির মাধ্যমে | ইলেকট্রনিক্স অফিসার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| (১২) | উর্ধ্বতন মাড প্রকৌশলী | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে পেট্রোলিয়াম প্রকৌশল/রসায়ন প্রকৌশল/ রসায়ন/ফলিত রসায়ন বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। সংশ্লিষ্ট বিষয়ে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১৩) | প্রধান লাইব্রেরীয়ান | | পদোন্নতির মাধ্যমে | লাইব্রেরীয়ান পদে ৭(সাত) বৎসরের চাকুরী। |
| (১৪) | উর্ধ্বতন ম্যাপ ও ফটোলাইব্রেরীয়ান | | পদোন্নতির মাধ্যমে | ম্যাপ এন্ড ফটোলাইব্রেরীয়ান পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| (১৫) | সহকারী প্রধান (পি এন্ড আই) | | পদোন্নতির মাধ্যমে | গবেষণা অফিসার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| (১৬) | উর্ধ্বতন হিসাবরক্ষণ অফিসার | | পদোন্নতির মাধ্যমে | হিসাবরক্ষণ অফিসার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| (১৭) | উর্ধ্বতন প্রশাসনিক অফিসার | | পদোন্নতির মাধ্যমে | অন্যূন স্নাতক ডিগ্রীসহ প্রশাসনিক অফিসার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| (১৮) | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ভূতত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (১৯) | সহকারী পরিচালক (ভূপদার্থ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ভূপদার্থবিদ্যা/ভূতত্ত্ব/পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যায় প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। তবে, সকল প্রার্থীর ক্ষেত্রে ভূপদার্থ বিষয়টি অত্যাবশ্যক (নন মেজর) বিষয় হিসাবে থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২০) | সহকারী পরিচালক (রসায়ন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন/ফলিত রসায়ন/ভূরসায়ন শাস্ত্রে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (২১) | সহকারী পরিচালক (ড্রিলিং প্রকৌশল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে।<br>২) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>উপসহকারী পরিচালক (ড্রিলিং প্রকৌশল) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যান্ত্রিক প্রকৌশল/খনি প্রকৌশল/পেট্রোলিয়াম প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী অথবা অন্যূন সিজিপিএ ২.০০। |
| (২২) | ইলেকট্রনিক্স অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>ফলিত পদার্থবিদ্যা/পদার্থবিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইনইলেকট্রনিক্স থাকা সাপেক্ষে টেকনেশিয়ান ইলেকট্রনিক্স পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা/ইলেকট্রনিকস বিষয়সহ পদার্থবিদ্যায় প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (২৩) | এসিসটেন্ট ডাইরেক্টর (পিএন্ডএস) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>হেড সার্ভেয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল/ভূতত্ত্ব/ পদার্থবিদ্যা/ ফলিত পদার্থবিদ্যা/ গণিতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৪) | ফটোগ্রামেট্রিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** সিনিয়র ফটোজিওলজিক টেকনিশিয়ান পদে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ভূতত্ত্ব/ পদার্থবিদ্যা/ভূগোল/গণিতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (২৫) | সহকারী পরিচালক (জরিপ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** হেড সার্ভেয়ার হিসাবে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে গণিত/ ভূগোল/ভূতত্ত্বে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (২৬) | লাইব্রেরীয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** এসিসটেন্ট লাইব্রেরীয়ান পদে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (২৭) | ম্যাপ এন্ড ফটো লাইব্রেরীয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী ম্যাপ ও ফটোলাইব্রেরীয়ান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল/ ভূতত্ত্বে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৮) | কার্টোগ্রাফার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী কার্টোগ্রাফার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (২৯) | গবেষণা অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ভূতত্ত্ব/ পরিসংখ্যান/অর্থনীতি/ভূগোলে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (৩০) | হিসাব রক্ষণ অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে। (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** হিসাব অধীক্ষক পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞানে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা হিসাব বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (৩১) | স্টোরস অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে। (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** স্টোর সুপারভাইজার পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩২) | সংগ্রহণ অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (৩৩) | সহকারী পরিচালক (রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা) | | পদোন্নতির মাধ্যমে | নিরাপত্তা কর্মকর্তা পদে অন্যূন কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৩৪) | ওয়ার্কসপ সুপারিনটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>যান্ত্রিক প্রকৌশল/শক্তি প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা ডিগ্রীধারী সহকারী কারখানা তত্ত্বাবধায়কগণের মধ্য হতে পদোন্নতির মাধ্যমে। সহকারী কারখানা তত্ত্বাবধায়ক হিসাবে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে যান্ত্রিক প্রকৌশল/তড়িৎ প্রকৌশল বিষয়ে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী বা সমমানের সিজিপিএ। |
| (৩৫) | পরিবহন ও স্টোরস অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উর্ধ্বতন পরিবহন তত্ত্বাবধায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (৩৬) | টেকনেশিয়ান ইলেকট্রনিক্স | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>পদার্থবিদ্যা বিষয়সহ স্নাতক ডিগ্রীধারী উর্ধ্বতন ভূপদার্থিক সহকারীগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। উর্ধ্বতন ভূপদার্থিক সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রনিক্স বিষয়সহ পদার্থ/ফলিত পদার্থবিদ্যায় ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী অন্যূন ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা স্বীকৃত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বছর মেয়াদী ইলেকট্রনিক্স বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগে ডিপ্লোমাসহ অথবা সিজিপিএ ২.০০। ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৩৭) | উপ-সহকারী পরিচালক (ড্রিলিং প্রকৌশল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে ৪ বছর মেয়াদী যান্ত্রিক প্রকৌশল/শক্তি প্রকৌশল/খনি প্রকৌশল/পেট্রোলিয়াম প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগে ডিপ্লোমা অথবা অন্যূন সিজিপিএ ২.০০। |
| (৩৮) | হেড সার্ভেয়ার | | পদোন্নতির মাধ্যমে | উর্ধ্বতন সার্ভেয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৩৯) | সহকারী ম্যাপ ও ফটো লাইব্রেরীয়ান। | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>এসিসটেন্ট লাইব্রেরীয়ান পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল/ভূতত্ত্ব/গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। |
| (৪০) | সহকারী কার্টোগ্রাফার | | পদোন্নতির মাধ্যমে | ড্রইং অফিস সুপারিনটেনডেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৪১) | প্রশাসনিক অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) ৭৫% পদ অধীক্ষকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** অধীক্ষক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী। সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর হিসাবে ৭ (সাত) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (২) ২৫% সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটরদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** (ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ বা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫। (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। |
| (৪২) | নিরাপত্তা কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী এবং নিরাপত্তা সংক্রান্ত কাজ, সম্পত্তি নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। তবে প্রতিরক্ষা বাহিনীর প্রাক্তন এনসিও/জেসিও অথবা সমমানের পদধারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পর্যন্ত শিথিলযোগ্য। |
| (৪৩) | সহকারী কারখানা তত্ত্বাবধায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** মেকানিক্যাল ফোরম্যান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** স্বীকৃত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে ৪ বছর মেয়াদী যান্ত্রিক প্রকৌশল/ শক্তি প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমান সিজিপিএ ডিপ্লোমা। |
| (৪৪) | সহকারী প্রিন্টিং অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফটোল্যাব সুপারিনটেনডেন্ট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত গ্রাফিক আর্টস ইনস্টিটিউট হইতে মুদ্রণে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা। |
| (৪৫) | সহকারী কিউরেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিরযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** মিউজিয়াম এসিসটেন্ট পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে ভূগোল/ভূতত্ত্বে স্নাতক (সম্মান) ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৬) | রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (গবেষণাগার) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** তড়িৎ প্রকৌশল বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা অথবা পদার্থবিদ্যা সহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী থাকা সাপেক্ষে উর্ধ্বতন পরীক্ষাগার সহকারী পদে অনূ্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** যে কোন স্বীকৃত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে ৪ বছর মেয়াদী তড়িৎ প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ,তে ডিপ্লোমা অথবা পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যা বিষয়সহ বিজ্ঞানে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ, তে স্নাতক ডিগ্রী। |
| (৪৭) | সিনিয়র ফটোজিওলজিক টেকনিশিয়ান | - | পদোন্নতির মাধ্যমে। | ফটোজিওলজিক টেকনিশিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৪৮) | উর্ধ্বতন সার্ভেয়ার | - | পদোন্নতির মাধ্যমে। | সার্ভেয়ার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৪৯) | উর্ধ্বতন পরীক্ষাগার সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | পরীক্ষাগার সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৫০) | ড্রইং অফিস সুপারিনটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে। | উর্ধ্বতন ড্রাফটস্‌ম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৫১) | উর্ধ্বতন ড্রাফটস্‌ম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | ড্রাফটস্‌ম্যান গ্রেড-১ পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৫২) | ফটোল্যাব সুপারিনটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র ফটোগ্রাফার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৫৩) | উর্ধ্বতন ভূপদার্থিক সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | ভূপদার্থিক সহকারী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৫৪) | উর্ধ্বতন পরিবহন তত্ত্বাবধায়ক | - | পদোন্নতির মাধ্যমে। | ট্রান্সপোর্ট সুপারভাইজার পদে অন্যূন ৫(পাঁচ) বছরের চাকুরী। |
| (৫৫) | হেড ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে। | উর্ধ্বতন ক্যাশিয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৫৬) | অধীক্ষক | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৫৭) | উর্ধ্বতন ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে। | ক্যাশিয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫৮) | হিসাব অধীক্ষক | - | পদোন্নতির মাধ্যমে। | হিসাব সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৫৯) | ষ্টোর সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র ষ্টোর কিপার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৬০) | সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৬১) | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographer & Steno-Typists (Ministry, Divisions, and Attached Depertmants) Recruitments Rules, 1978 অনুযায়ী, তবে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির নিম্নরূপ গতি হইবে, যথা—<br>(ক) বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(খ) ইংরেজি প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | | |
| (৬২) | সিনিয়র ফটোগ্রাফার | - | পদোন্নতির মাধ্যমে। | ফটোগ্রাফার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৬৩) | ড্রিলিং ফোরম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | ড্রিলিং সহকারী গ্রেড-১ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৬৪) | মেকানিক্যাল ফোরম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র মেকানিক/ড্রিলিং মেকানিক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৬৫) | সিনিয়র ষ্টোর কিপার | - | পদোন্নতির মাধ্যমে। | ষ্টোরকিপার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৬৬) | ড্রাফটস্ম্যান গ্রেড-১ | - | পদোন্নতির মাধ্যমে। | ড্রাফটস্ম্যান গ্রেড-২ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৬৭) | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৩% পদ অফিস সহকারীদের মধ্য হতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ১৩% পদ কম্পিউটার মুদ্রাক্ষরিকদের মধ্য হতে পদোন্নতির মাধ্যমে<br>(গ) ২০% সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর মধ্য হতে বদলির মাধ্যমে নিয়োগ।<br>(ঘ) ৩৪% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) অফিস সহকারী পদে ৫ (পাঁচ) বছরের চাকুরীর।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বছরের চাকুরীর।<br>**বদলীর ক্ষেত্রেঃ**<br>সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর মধ্য হতে বদলির মাধ্যমে নিয়োগ।<br>(ঘ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমান ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৬৮) | ফটোজিওলজিক টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে গণিতসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জরিপ বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা থাকিতে হইবে। |
| (৬৯) | সার্ভেয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে জরিপ বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা থাকিতে হইবে। |
| (৭০) | পরীক্ষাগার সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (১) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>(২) ৫০% পদ সরাসরি নিয়োগর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>পরীক্ষাগার পরিচারক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে রসায়নবিদ্যা/ পদার্থবিদ্যা বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| (৭১) | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographer & Steno-Typists (Ministry, Divisions, and Attached Depertments) Recruitments Rules, 1978 অনুযায়ী, তবে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির নিম্নরূপ গতি হইতে হইবে, যথা—<br>ক) বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>খ) ইংরেজি প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | | |
| (৭২) | ফটোগ্রাফার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে ১(এক) বছর মেয়াদী ফটোগ্রাফিতে ডিপ্লোমা সনদ থাকিতে হইবে। |
| (৭৩) | মিউজিয়াম এসিসটেন্ট | - | পদোন্নতির মাধ্যমে | যাদুঘর পরিচারক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী |
| (৭৪) | ভূপদার্থিক সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (১) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(২) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>শট ফায়ারার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যাসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী এবং ইলেট্রনিক যন্ত্রপাতি ব্যবহারের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৭৫) | ড্রিলিং সহকারী গ্রেড-১ | - | পদোন্নতির মাধ্যমে। | ড্রিলিং সহকারী গ্রেড-২ পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৭৬) | সিনিয়র মেকানিক | - | পদোন্নতির মাধ্যমে। | ভেহিক্যাল মেকানিক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী |
| (৭৭) | ড্রিলিং মেকানিক | - | পদোন্নতির মাধ্যমে। | মেকানিক (ফিল্ড)/ ইন্সট্রুমেন্ট মেকানিক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী। |
| (৭৮) | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** অফিস সহকারী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| (৭৯) | হিসাব সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| (৮০) | স্টোর কিপার | - | পদোন্নতির মাধ্যমে। | স্টোর সাহায্যকারী পদে অন্যূন ৫(পাঁচ) বছরের চাকুরী। |
| (৮১) | ট্রান্সপোর্ট সুপারভাইজার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বয়ংক্রিয় মটর যান/শক্তি/যন্ত্র প্রকৌশলে ডিপ্লোমা অথবা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ মটরযান সংক্রান্ত লগ বই রক্ষণে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। (খ) মটরযান চালনার লাইসেন্সধারীগণ অগ্রাধিকার পাইবে। |
| (৮২) | ড্রাইভার গ্রেড-১ | - | পদোন্নতির মাধ্যমে। | ড্রাইভার গ্রেড-২ পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী। |
| (৮৩) | ওজালিড অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে। | ফেরোপ্রিন্টার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৮৪) | মাড তত্ত্বাবধায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে রসায়নবিদ্যা/ ফলিত রাসায়নবিদ্যাসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| (৮৫) | অভ্যর্থনাকারী তথা-টেলিফোন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ পিএবিএক্স/পিবিএক্স চালনার কমপক্ষে ১(এক) বৎসরের অভিজ্ঞতা অথবা স্বীকৃত কোন বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ উক্ত কাজের অন্যূন ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৮৬) | এসিসটেন্ট লাইব্রেরীয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| (৮৭) | উর্ধ্বতন যন্ত্রবিদ | - | পদোন্নতির মাধ্যমে | মেশিনিষ্ট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৮৮) | অফিস সহকারী | The Lower Divisions Assistant (Ministries, Divisions and attached Departments) Recruitments Rules, 1979 অনুযায়ী। | | |
| (৮৯) | কম্পিউটার মুদ্রাক্ষরিক | The Typist (Ministries, Divisions and attached Departments) Recruitments Rules, 1978 অনুযাযী; তবে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হইতে হইবে, যথা ঃ<br>ক) বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ;<br>খ) ইংরেজী প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | | |
| (৯০) | ড্রাফটসম্যান গ্রেড-২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ড্রাফটসম্যান গ্রেড-৩/- ট্রেসার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী এবং লেবেল রাইটারের পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) স্বীকৃত কোন বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাফটস্ ম্যানশীপ সনদ থাকিতে হইবে। |
| (৯১) | যাদুঘর পরিচারক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৯২) | ভেহিক্যাল মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ফিটারমেট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে অটো রিপেয়ারিং এন্ড ডিজেল/পেট্রোল ইঞ্জিন বিষয়ে ট্রেড সনদ থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৯৩) | মেকানিক (ফিল্ড) | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ফিটারমেট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে অটো রিপেয়ারিং এন্ড ডিজেল/পেট্রোল ইঞ্জিন বিষয়ে ট্রেড সনদ থাকিতে হইবে। |
| (৯৪) | ড্রাইভার গ্রেড-২ | The Gazetted and Non-Gezetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| (৯৫) | মেশিনিষ্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সনদ। |
| (৯৬) | ওয়েল্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>২) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ওয়েল্ডিং এ ট্রেড সনদসহ গ্রীজার পদে অন্যূন ২(দুই) বৎসর এবং অফিস সহায়ক/ নিরাপত্তা প্রহরী/পরিচ্ছন্নতা কর্মী পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সনদ থাকিতে হইবে। |
| (৯৭) | ডিজেল ইঞ্জিন ড্রাইভার কাম মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৩(তিন) বছর মেয়াদী ট্রেড সনদ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৯৮) | টিন এন্ড কপারস্মিথ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সনদ থাকিতে হইবে। |
| (৯৯) | অটো ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ক) স্বীকৃত কোন বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সনদ থাকিতে হইবে। |
| (১০০) | ইন্সট্রুমেন্ট মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সনদ থাকিতে হইবে। |
| (১০১) | বই বাঁধাইকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১০২) | হেড সেকশন কাটার | - | পদোন্নতির মাধ্যমে | সেকশন কাটার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী। |
| (১০৩) | ড্রাফটস্‌ম্যান গ্রেড-৩/ ট্রেসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে অংকনে বিষয়ে ট্রেড সনদ থাকিতে হইবে। |
| (১০৪) | ড্রিলিং এসিসটেন্ট গ্রেড-২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| (১০৫) | কার্পেন্টার/পলিশার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সনদ থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১০৬) | পরীক্ষাগার পরিচারক | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>২) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ স্বীকৃত কোন বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রীজার পদে অন্যূন ২(দুই) বৎসর বা অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী/ পরিচ্ছন্নতা কর্মী/মালী পদে ৩(তিন) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ স্বীকৃত কোন বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১০৭) | শট ফায়ারার | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>২) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ স্বীকৃত কোন বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রীজার পদে অন্যূন ২(দুই) বৎসর বা অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী/ পরিচ্ছন্নতা কর্মী পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ স্বীকৃত কোন বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১০৮) | ফিটারমেট | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>২) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রীজার পদে অন্যূন ২(দুই) বৎসর বা অফিস সহায়ক/ নিরাপত্তা প্রহরী/পরিচ্ছন্নতা কর্মী পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সনদ। |
| (১০৯) | স্টোর সাহায্যকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (১) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(২) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে খালাসী পদে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ স্বীকৃত কোন বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১১০) | ফেরোপ্রিন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১১১) | কুশন মেকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সনদ থাকিতে হইবে। |
| (১১২) | পেইন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১১৩) | অফিস সহায়ক (দপ্তরী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| (১১৪) | গ্রীজার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১১৫) | সেকশন কাটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১১৬) | গেসটেটনার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনা ও রক্ষণাবেক্ষণ কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১১৭) | লেবেল রাইটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অংকণে ট্রেড সনদ থাকিতে হইবে; এবং<br>(খ) লেবেল লিখনে/রংকরণে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১১৮) | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| (১১৯) | নিরাপত্তা প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১২০) | খালাশী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| (১২১) | মালী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীর বাগান করার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১২২) | ইলেকট্রিশিয়ান | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আউট সোর্সিং-এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| (১২৩) | লিফ্টম্যান | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আউট সোর্সিং-এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| (১২৪) | পরিচ্ছন্নতা কর্মী | অনূর্ধ্ব ৩০ বৎসর | স্থায়ী পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং স্থায়ী পদ ব্যতীত পদসমূহ আউট সোর্সিং এর সাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।<br>আউট সোর্সিং ক্ষেত্রে ঃ<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আউট সোর্সিং-এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিদ্দিকা আক্তার**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd